

## সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৭৪৩৮

৯৭/ তাওহীদ (كتاب التوحيد)

পরিচ্ছেদঃ ৯৭/২৪. আল্লাহর বাণীঃ কতক মুখ সেদিন উজ্জ্বল হবে। তারা তাদের প্রতিপালকের দিকে তাকিয়ে থাকবে। (সুরাহ আল-ক্রিয়ামাহ ৭৫/২২-২৩)

بَابِ قَوْلِ اللهِ تَعَالَى {وُجُوهٌ يَوْمَئِذِ نَاضِرَةٌ إِلَى رَبِّهَا نَاظِرَةٌ}

## আরবী

قَالَ عَطَاءُ بْنُ يَزِيدَ وَأَبُو سَعِيدِ الْخُدْرِيُّ مَعَ أَبِي هُرَيْرَةَ لاَ يَرُدُّ عَلَيْهِ مِنْ حَدِيثِهِ شَيْئًا حَتَّى إِذَا حَدَّثَ أَبُو هُرَيْرَةَ أَنَّ اللهَ تَبَارَكَ وَتَعَالَى قَالَ ذَلِكَ لَكَ وَمِثْلُهُ مَعَهُ قَالَ أَبُو سَعِيدٍ إِذَا حَدَّثَ أَبُو هُرَيْرَةً مَا حَفِظْتُ إِلاَّ قَوْلَهُ ذَلِكَ لَكَ الْخُدْرِيُّ وَعَشَرَةُ أَمْثَالِهِ مَعَهُ يَا أَبَا هُرَيْرَةَ قَالَ أَبُو هُرَيْرَةَ مَا حَفِظْتُ إِلاَّ قَوْلَهُ ذَلِكَ لَكَ وَمِثْلُهُ مَعَهُ قَالَ أَبُو سَعِيدٍ الْخُدْرِيُّ أَشْهَدُ أَنِّي حَفِظْتُ مِنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم قَوْلَهُ ذَلِكَ لَكَ وَعَشَرَةُ أَمْثَالِهِ قَالَ أَبُو هُرَيْرَةَ فَذَلِكَ الرَّجُلُ آخِرُ أَهْلِ الْجَنَّةِ دُخُولاً الْجَنَّة.

## বাংলা

৭৪৩৮. 'আত্বা ইবনু ইয়াযীদ (রহ.) বলেন, আবৃ হুরাইরাহ (রাঃ) যখন হাদীসটির বর্ণনা দিচ্ছিলেন, তখন আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)-ও তাঁর সঙ্গে ছিলেন। তিনি আবৃ হুরাইরাহ (রাঃ)-এর এ বর্ণিত হাদীসের কোথাও প্রতিবাদ করলেন না। বর্ণনার শেষাংশে এসে আবৃ হুরাইরাহ (রাঃ) যখন বর্ণনা করলেন, ''আল্লাহ্ তাকে বলবেন, ওসব তোমাকে দেয়া হলো, আরো তার সমপরিমাণ তার সঙ্গে দেয়া হল'' তখন আবৃ সা'ঈদ খুদরী (রাঃ) প্রতিবাদ করে বললেন, হে আবৃ হুরাইরাহ (রাঃ), রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তার সঙ্গে আরো দশগুণ। তখন আবৃ হুরাইরাহ (রাঃ) বললেন, আমি সংরক্ষণ করেছি এভাবে- ওসব তোমাকে দেয়া হলো, আর এ সঙ্গে আরো এক গুণ দেয়া হলো। আবৃ সা'ঈদ খুদরী (রাঃ) বললেন, আমি সাক্ষ্য দিচ্ছি, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট হতে এভাবে সংরক্ষণ করেছি- ও সবই তোমাকে দেয়া হলো, এর সঙ্গে তোমাকে দেয়া হলো আরো দশ গুণ। আবৃ হুরাইরাহ (রাঃ) বলেন, এই হচ্ছে জান্নাতে প্রবেশকারীদের মধ্যে সর্বশেষ ব্যক্তি। [২২] (আধুনিক প্রকাশনী- ৬৯২০ শেষাংশ, ইসলামিক ফাউন্ডেশন- ৬৯৩১)

## **English**



'Ata' bin Yazid added: Abu Sa'id Al-Khudri who was present with Abu Huraira, did not deny whatever the latter said, but when Abu Huraira said that Allah had said, "That is for you and its equal as well," Abu Sa'id Al-Khudri said, "And ten times as much, O Abu Huraira!" Abu Huraira said, "I do not remember, except his saying, 'That is for you and its equal as well.'" Abu Sa'id Al-Khudri then said, "I testify that I remember the Prophet () saying, 'That is for you, and ten times as much.' 'Abu Huraira then added, "That man will be the last person of the people of Paradise to enter Paradise."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আতা ইবনু ইয়াযীদ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন